গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া,পাবনা
www.bera.pabna.gov.bd

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাঃ সবুর আলী
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার তারিখ : ২০-০৩-২০২২
সময় : বিকাল ৩.০০ টা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি উপস্থিত সকল সদস্যকে জনগণের চাহিদা মোতাবেক মান সম্মত সেবা নিশ্চিত কল্পে আলোচনায় অংশগ্রহণ করে সুনিশ্চিত মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত/কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>বিগত ১৪-১২-২০২১ তারিখের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে পর্যালোচনা করা হয়। বিগত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছিল :<br>০১. সুশাসন প্রতিষ্ঠার জন্য গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।<br>০২. সেবা গ্রহীতাদেরকে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে অবহিত করা।<br>০৩. GRS সিস্টেমের মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ অভিযোগ নিষ্পত্তকারী কর্মকর্তা কর্তৃক যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা করা। | গৃহিত সিদ্ধান্তসমূহের মধ্যে সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। অগ্রগতি ১০০%। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা:<br>উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২১-২২ বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরীবিক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৩। | শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণের বিষয়ে আলোচনা:<br>সকল দপ্তরের শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সকল দপ্তর প্রধানসহ এ কার্যালয়কে স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা:<br>কর্মকর্তা/কর্মচারীদের সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। | স্ব-স্ব বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আিইসিটি অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা |
| | | | |

CamScanner
Scanned with CamScanner

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত/কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা পর্যায়ে স্ব-স্ব অফিসে অভ্যন্তরীণ সাপ্তাহিক প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিস ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে ও অন্যান্য অফিসের কর্মরত কর্মচারীদের সাপ্তাহিক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা |
| ০৬ | স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সকল দপ্তর প্রধানসহ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়কে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা |
| ০৭ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা : সেবা প্রদানকারী কর্মকর্তা/ কর্মচারীদের দায়িত্বশীলতা বৃদ্ধি এবং ভোগান্তি ছাড়া সেবা প্রদানের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত GRS সফটওয়্যার বিষয়টি অন্তর্ভূক্ত করে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ। যা সেবা প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | চলতি ২০২১-২০২২ অর্থ বছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণে বিষয়টি অন্তর্ভূক্ত করে যথাযথ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা |

অফিসে আগত সেবা প্রত্যাশীদের সাথে ভাল ব্যবহার, নিজ নিজ অবস্থান থেকে স্বচ্ছ ও সঠিকভাবে দায়িত্ব পালনের জন্যে উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিত করতে স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি জনসাধারণের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়।

সভায় আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ 20/06/22
(মোহাঃ সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া,পাবনা ।
ফোন: ০২-৫৮৮৮৪৮০০৩
ই-মেইল: unobera@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬১৬.০০০.২০.০২১.২১. ২২৮ তারিখ : 20/6/22

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। জেলা প্রশাসক, পাবনা।
০২। উপজেলা ..........................অফিসার, বেড়া, পাবনা।

স্বাঃ 20/06/22
(মোহাঃ সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া,পাবনা ।
ফোন: ০২-৫৮৮৮৪৮০০৩
ই-মেইল: unobera@mopa.gov.bd

CamScanner
Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া,পাবনা
www.bera.pabna.gov.bd

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাঃ সবুর আলী
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ : ১৬- ০৩ -২০২২
সময় : বিকাল ৩.৩০ টা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেড়া, পাবনার ২০২১-২০২২ অর্থ বছরের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে এ সভা আয়োজন করা হয়েছে। তিনি এ কার্যালয়ের মাধ্যমে সেবা গ্রহণকারী দপ্তরসমূহের প্রতিনিধিগণকে আলোচনায় অংশগ্রহণ করে সুচিন্তিত মতামত প্রদানের অনুরোধ জানান। অত:পর সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত/কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সভাপতি বলেন-সুশাসন প্রতিষ্ঠার জন্য অত্র কার্যালয় থেকে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। (১) ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। (২) স্ব-প্রণোদিতভাবে বিভিন্ন তথ্য হালনাগাদ করে ওয়েব পোর্টালের সেবা বক্স নিয়মিত হালনাগাদ করা হয়। (৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়ন করে সেবা বক্স নিয়মিত হালনাগাদ করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার জন্য গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন | ১। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোনো অভিযোগ দপ্তর প্রধান বরাবর দাখিল করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| | | ২। GRS সিস্টেমের মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এ বিষয়ে সকল কর্মকর্তাকে সচেষ্ট থাকতে হবে যাতে কোনো অভিযোগ অনিষ্পন্ন না থাকে। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)<br>দপ্তর প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণ করেন।

স্বা: ২১/০৬/২২

(মোহাঃ সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া,পাবনা ।
ফোন: ০২-৫৮৮৮৪৮০০৩

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া, পাবনা
www.bera.pabna.gov.bd

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাঃ সবুর আলী
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ : ২০-০৩-২০২২

সময় : ০৩.১৫ মিনিট

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি অত্র কার্যালয়ের ২০২১-২২ এর জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় পাঠ করে শোনান। তিনি বলেন প্রণীত কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। অত:পর সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত/কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | **বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>গৃহিত সিদ্ধান্ত সংখ্যা: ০৫; বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা: ০৫; সিদ্ধান্ত বাস্তবায়নের হার: ১০০% | ১০০% সিদ্ধান্ত বাস্তবায়নকরণ হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | নৈতিকতা কমিটি |
| ০২ | অত্র কার্যালয়ের ২০২১-২২ এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে :<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেড়া, পাবনা এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান এবং সিটিজেন চার্টার অনুসরণপূর্বক কার্যসম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ ও আপলোডকরণ :<br>সভাপতি বলেন-২০২১-২২ এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ ও ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | কর্মপরিকল্পনা মোতাবেক ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ ওয়েবপোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ০৪ | প্রমাণকসহ প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান:<br>কর্মপরিকল্পনা মোতাবেক ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ ৩০- ০৩ -২০২২ তারিখের মধ্যে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা দরকার। | সংশ্লিষ্ট সকলকে বিনা ব্যর্থতায় ৩০- ০৩ -২০২২ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সংশ্লিষ্ট সকল |

সভায় আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৬/22

(মোহাঃ সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা ।
ফোন: ০২-৫৮৮৮৪৮০০৩
ই-মেইল: unobera@mopa.gov.bd

Scanned with CamScanner




Scanned with CamScanner




Scanned with CamScanner